বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫
ওয়েব সাইটঃ www.berc.org.bd, ই-মেইল:berc2003@gmail.com
ফ্যাক্স : ৮৮-০২-৫৫০১৩৫১৮।

নং-২৮.০১.০০০০.০১২.০৪.০০৩.২০ (১)-১৭০৯ তারিখ: ১৬ জুলাই ২০২০।

**বিষয় : বিদ্যুতের আবাসিক গ্রাহকশ্রেণির (এলটি-এ এবং এমটি-১) ক্ষেত্রে বিল মাস ফেব্রুয়ারি ২০২০ হতে জুন ২০২০ এর বিদ্যুৎ বিলে বিলম্ব-পরিশোধ মাশুল (Late-Payment Surcharge) মওকুফ সংক্রান্ত সম্পূরক আদেশ।**

সূত্র : (১) বিদ্যুৎ বিভাগের পত্র নং: ২৭.০০.০০০০.০৫২.৩১.০০২.১৮.২২৭; তারিখ: ০৬ জুলাই ২০২০।
(২) বিউবো এর পত্র নং: ২৭.১১.০০০০.১০১.১৪.০০১.২০-২০৭৪; তারিখ: ১২ জুলাই ২০২০।
(৩) বাপবিবো এর পত্র নং: ২৭.১২.০০০০.১৭৪.০৬.২২৬.২০.১০; তারিখ: ০৮ জুলাই ২০২০।
(৪) ডিপিডিসি এর পত্র নং: ২৭.৮৭.০০০০.৫১৭.৩১.০০১.২০.৭; তারিখ: ১১ জুলাই ২০২০।
(৫) ডেসকো এর পত্র নং: ২৭.২৪.০০০০.০০৫.৩৩.০০৬.২০.৩৬; তারিখ: তারিখ: ০৯ জুলাই ২০২০।
(৬) ওজোপাডিকো এর পত্র নং: ২৭.২২.৪৭৮৫.০০৪.০৭.০০১.২০.১২২০; তারিখ: ০৮ জুলাই ২০২০।
(৭) নেসকো এর পত্র নং: ২৭.২৯.০০০০.০০৮.১৫.০১৩.২০.২২৫; তারিখ: ০৮ জুলাই ২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের পরিপ্রেক্ষিতে বিদ্যুতের আবাসিক গ্রাহকশ্রেণির (এলটি-এ এবং এমটি-১) ক্ষেত্রে বিল মাস ফেব্রুয়ারি ২০২০ হতে জুন ২০২০ এর বিদ্যুৎ বিলে বিলম্ব- পরিশোধ মাশুল (Late-Payment Surcharge) মওকুফ সংক্রান্ত সম্পূরক আদেশ (বিইআরসি আদেশ # ২০২০/১১) এবং এ সংক্রান্ত প্রজ্ঞাপন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এসাথে প্রেরণ করা হলো।

২। বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন বিদ্যুৎ বিতরণ (খুচরা) ট্যারিফ প্রবিধানমালা, ২০১৬ এর প্রবিধান-১৫ মোতাবেক সংযুক্ত প্রজ্ঞাপনটি হুবহু আকারে প্রয়োজনীয় প্রচারের জন্য অনুরোধ করা হলো। এছাড়া, প্রজ্ঞাপনটি অবিলম্বে বিদ্যুতের সকল আবাসিক গ্রাহককে সরবরাহের অনুরোধ জানানো হলো।

**সংযুক্তি:** (ক) বিদ্যুতের আবাসিক গ্রাহকশ্রেণির (এলটি-এ এবং এমটি-১) ক্ষেত্রে বিল মাস ফেব্রুয়ারি ২০২০ হতে জুন ২০২০ এর বিদ্যুৎ বিলে বিলম্ব- পরিশোধ মাশুল (Late-Payment Surcharge) মওকুফ সংক্রান্ত সম্পূরক আদেশ - **(০৪ পৃষ্ঠা)** এবং
(খ) বিদ্যুতের আবাসিক গ্রাহকশ্রেণির (এলটি-এ এবং এমটি-১) ক্ষেত্রে বিল মাস ফেব্রুয়ারি ২০২০ হতে জুন ২০২০ এর বিদ্যুৎ বিলে বিলম্ব- পরিশোধ মাশুল (Late-Payment Surcharge) মওকুফ সংক্রান্ত প্রজ্ঞাপন – **(০১ পৃষ্ঠা)**।

কমিশনের নির্দেশক্রমে,

১৬.৭.২০২০
**(মোঃ রফিকুল ইসলাম)**
সচিব
ফোনঃ ০২ ৫৫০১৪০০৭

**কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিউবো), ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
০২। চেয়ারম্যান, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো), জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯।
০৩। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা পাওয়ার ডিষ্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (ডিপিডিসি), বিদ্যুৎ ভবন (৩য় তলা), ১ নং আব্দুল গণি রোড, ঢাকা -১০০০।
০৪। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিমিটেড (ডেসকো), বাড়ি নং-২২/বি, ফারুক সরণি, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯।
০৫। ব্যবস্থাপনা পরিচালক, ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (ওজোপাডিকো), বিদ্যুৎ ভবন, বয়রা, খুলনা।
০৬ ব্যবস্থাপনা পরিচালক, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানী লিমিটেড (নেসকো), বিদ্যুৎ ভবন, হেতমখান, রাজশাহী।

(অপর পাতায় সদয় দ্রষ্টব্য)

নং-২৮.০১.০০০০.০১২.০৪.০০৩.২০ (১)-১৭০৯

তারিখ: ১৬ জুলাই ২০২০।

<u>**সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**</u>

০১। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা।

০২। সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।

০৪। মূখ্য সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।

০৫। মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৬। মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টার একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।

০৭। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৮। চেয়ারম্যানের একান্ত সচিব, বিইআরসি, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৯। জনাব মোঃ শাহাদত হোসেন, সহকারী পরিচালক (আইন), বিইআরসি, ঢাকা (আদেশটি কমিশনের ওয়েবসাইট <u>www.berc.org.bd</u> এ আপলোডের অনুরোধসহ)।

১০। সদস্য (সকল) এর ব্যক্তিগত সহকারী, বিইআরসি, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য।

**(মোঃ রফিকুল ইসলাম)**
সচিব
ফোনঃ ০২ ৫৫০১৪০০৭

# বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন

## বিদ্যুতের আবাসিক গ্রাহকশ্রেণির (এলটি—এ এবং এমটি—১) ক্ষেত্রে বিল মাস ফেব্রুয়ারি ২০২০ হতে জুন ২০২০ এর বিদ্যুৎ বিলের বিলম্ব-পরিশোধ মাশুল (Late-Payment Surcharge) মওকুফ সংক্রান্ত সম্পূরক আদেশ।

বিইআরসি আদেশ নম্বর: ২০২০/১১

তারিখ: ১৬ জুলাই ২০২০।

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা)
১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫
www.berc.org.bd

# সূচীপত্র


| অনুচ্ছেদ | বিষয়াবলী | পৃষ্ঠা |
| --- | --- | --- |
| ১ | বিদ্যুৎ বিলের বিলম্ব-পরিশোধ মাশুল সংক্রান্ত কমিশনের ইতিপূর্বের আদেশ। | ০১ |
| ২ | আবাসিক গ্রাহকশ্রেণির (এলটি–এ এবং এমটি–১) ক্ষেত্রে বিল মাস ফেব্রুয়ারি ২০২০ হতে জুন ২০২০ এর বিদ্যুৎ বিলের বিলম্ব-পরিশোধ মাশুল মওকুফের জন্য বিদ্যুৎ বিভাগ এবং বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানিসমূহের অনুরোধ। | ০২ |
| ৩ | কমিশনের সম্পূরক আদেশ। | ০৩ |

# বিদ্যুতের আবাসিক গ্রাহকশ্রেণির (এলটি—এ এবং এমটি—১) ক্ষেত্রে বিল মাস ফেব্রুয়ারি ২০২০ হতে জুন ২০২০ এর বিদ্যুৎ বিলের বিলম্ব-পরিশোধ মাশুল (Late-Payment Surcharge) মওকুফ সংক্রান্ত সম্পূরক আদেশ।

## বিইআরসি আদেশ # ২০২০/১১
## তারিখ: ১৬ জুলাই ২০২০।

**নোভেল করোনা ভাইরাসের (COVID-19) সংক্রমণ এড়াতে আবাসিক গ্রাহকশ্রেণির (এলটি—এ এবং এমটি—১) বিল মাস ফেব্রুয়ারি ২০২০ হতে জুন ২০২০ এর বিদ্যুৎ বিলের বিলম্ব-পরিশোধ মাশুল মওকুফের বিষয়ে বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানিসমূহের ০৮-১২ জুলাই ২০২০ তারিখের আবেদনের পরিপ্রেক্ষিতে শুধুমাত্র আবাসিক গ্রাহকশ্রেণির (এলটি—এ এবং এমটি—১) ক্ষেত্রে বিল মাস ফেব্রুয়ারি থেকে জুন ২০২০ এর বিদ্যুৎ বিলের বিলম্ব-পরিশোধ মাশুল ৩১ জুলাই ২০২০ তারিখ পর্যন্ত মওকুফ সংক্রান্ত সম্পূরক আদেশ।**

১.০ **বিদ্যুৎ বিলের বিলম্ব-পরিশোধ মাশুল সংক্রান্ত কমিশনের ইতিপূর্বের আদেশ:**

১.১ খুচরা বিদ্যুৎ মূল্যহার পুনর্নির্ধারণ করে ২২ ডিসেম্বর ২০১১ তারিখে কমিশন কর্তৃক জারীকৃত বিইআরসি আদেশ # ২০১১/০৮, ২০১১/০৯, ২০১১/১০, ২০১১/১১ এবং ২০১১/১২ এর মাধ্যমে বিদ্যুতের সকল গ্রাহকশ্রেণির জন্য বিলম্ব-পরিশোধ মাশুল এককালিন ৫% নির্ধারণ করা হয়। পরবর্তীতে পাইকারি এবং খুচরা বিদ্যুৎ মূল্যহার পুনর্নির্ধারণ সংক্রান্ত কমিশনের ২০ সেপ্টেম্বর ২০১২ এবং ২৯ মার্চ ২০১২ তারিখের আদেশ; খুচরা বিদ্যুৎ মূল্যহার পুনর্নির্ধারণ সংক্রান্ত কমিশনের ১৩ মার্চ ২০১৪, ২৭ আগস্ট ২০১৫, ২৩ নভেম্বর ২০১৭ এবং ২৭ ফেব্রুয়ারি ২০২০ তারিখের আদেশে সকল গ্রাহকশ্রেণির ক্ষেত্রে উক্ত বিলম্ব-পরিশোধ মাশুলের হার অপরিবর্তিত রাখা হয়।

১.২ খুচরা বিদ্যুৎ মূল্যহার সংক্রান্ত কমিশনের ২৭ ফেব্রুয়ারি ২০২০ তারিখের বিইআরসি আদেশ # ২০২০/০৪, ২০২০/০৫, ২০২০/০৬, ২০২০/০৭, ২০২০/০৮ ও ২০২০/০৯ এবং উক্ত আদেশ মোতাবেক কমিশনের স্মারক নং-২৮.০১.০০০০.০১২.০৪.০০৩.২০.৬৫৩, তারিখ: ২৭ ফেব্রুয়ারি ২০২০ এর মাধ্যমে জারীকৃত খুচরা বিদ্যুৎ মূল্যহার, ২০২০ এর শর্তাবলী, প্রযোজ্যতা এবং বিবিধ চার্জ/ফি সংক্রান্ত প্রজ্ঞাপনের অনুচ্ছেদ ১ এ নিম্নবর্ণিত আদেশ দেয়া হয়:

"(ক) সকল গ্রাহকশ্রেণির ক্ষেত্রে বিদ্যমান ৫% (পাঁচ শতাংশ) হারে এককালিন বিলম্ব-পরিশোধ মাশুল প্রযোজ্য হবে।

(খ) ২২ ডিসেম্বর ২০১১ তারিখে জারিকৃত বিলম্ব-পরিশোধ মাশুল সংক্রান্ত কমিশন আদেশ কার্যকরের পূর্ববর্তী সময়ের অনিষ্পন্ন বকেয়ার ক্ষেত্রে ৫% (পাঁচ শতাংশ) হারে এককালিন বিলম্ব-পরিশোধ মাশুল বিবেচনা করে বকেয়া পরিশোধের বিষয়টি নিষ্পত্তি করা যাবে।"

১.৩ বিদ্যুতের আবাসিক গ্রাহকশ্রেণির (এলটি—এ এবং এমটি—১) ক্ষেত্রে বিল মাস ফেব্রুয়ারি, মার্চ এবং এপ্রিল ২০২০ এর বিদ্যুৎ বিলের বিলম্ব-পরিশোধ মাশুল মওকুফ সংক্রান্ত কমিশনের ২৪ মার্চ ২০২০ তারিখের সম্পূরক আদেশের মাধ্যমে শুধুমাত্র আবাসিক গ্রাহকশ্রেণির (এলটি—এ এবং এমটি—১) ক্ষেত্রে বিল মাস ফেব্রুয়ারি, মার্চ এবং এপ্রিল ২০২০ এর বিদ্যুৎ বিলের বিলম্ব-পরিশোধ মাশুল মওকুফ করা হয়।

**২.০ আবাসিক গ্রাহকশ্রেণির (এলটি—এ এবং এমটি—১) ক্ষেত্রে বিল মাস ফেব্রুয়ারি ২০২০ হতে জুন ২০২০ এর বিদ্যুৎ বিলের বিলম্ব-পরিশোধ মাশুল মওকুফের জন্য বিদ্যুৎ বিভাগ এবং বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানিসমূহের অনুরোধ:**

২.১ বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের বিদ্যুৎ বিভাগের ০৬ জুলাই ২০২০ তারিখের স্মারক নং-২৭.০০.০০০০.০৫২.৩১.০০২.১৮-২২৭ এ উল্লেখ করা হয় যে, বিদ্যুৎ গ্রাহকগণ বিভিন্ন ব্যাংক এবং মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে বিদ্যুৎ বিল পরিশোধ করে থাকে। নোভেল করোনা ভাইরাসের (COVID-19) সংক্রমণ এড়াতে সরকার কর্তৃক ২৬ মার্চ ২০২০ হতে ৩০ মে ২০২০ পর্যন্ত সাধারণ ছুটি ঘোষণা করা হয়। উক্ত ছুটিকালিন বাণিজ্যিক ব্যাংকসমূহ সীমিত পরিসরে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করে। কমিশনের ইতিপূর্বে জারীকৃত প্রজ্ঞাপন অনুযায়ী বিল মাস ফেব্রুয়ারি, মার্চ ও এপ্রিল ২০২০ এর বিদ্যুৎ বিল কিছু সংখ্যক আবাসিক গ্রাহক (এলটি—এ এবং এমটি—১) বিলম্ব-পরিশোধ মাশুল ব্যতিরেকে পরিশোধ করলেও নোভেল করোনা ভাইরাসের প্রাদুর্ভাব অব্যাহত থাকায় অনেক আবাসিক গ্রাহক (এলটি—এ এবং এমটি—১) বিদ্যুৎ বিল পরিশোধ করেনি। এমতাবস্থায়, বিদ্যুৎ বিতরণ সংস্থা ও কোম্পানিসমূহ কর্তৃক আবাসিক গ্রাহকশ্রেণির (এলটি—এ এবং এমটি—১) ক্ষেত্রে বিল মাস ফেব্রুয়ারি ২০২০ হতে জুন ২০২০ এর বিদ্যুৎ বিল ৩১ জুলাই ২০২০ এর মধ্যে বিলম্ব-পরিশোধ মাশুল ব্যতিরেকে পরিশোধের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিদ্যুৎ বিভাগকে অনুরোধ জানানো হয়। বর্ণিতাবস্থায়, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের বিদ্যুৎ বিভাগের পত্রে আবাসিক গ্রাহকশ্রেণির (এলটি—এ এবং এমটি—১) বিলম্ব-পরিশোধ মাশুল মওকুফ সংক্রান্ত কমিশনের ২৪ মার্চ ২০২০ তারিখের আদেশের ধারাবাহিকতায়, শুধুমাত্র আবাসিক গ্রাহকশ্রেণির (এলটি—এ এবং এমটি—১) ক্ষেত্রে বিল মাস ফেব্রুয়ারি ২০২০ হতে জুন ২০২০ এর বিদ্যুৎ বিল ৩১ জুলাই ২০২০ এর মধ্যে বিলম্ব-পরিশোধ মাশুল ব্যতিরেকে পরিশোধের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কমিশনকে অনুরোধ জানানো হয়।

২.২ নোভেল করোনা ভাইরাসের প্রাদুর্ভাব অব্যাহত থাকায় বিদ্যুৎ বিতরণ সংস্থা ও কোম্পানিসমূহ ০৮-১২ জুলাই ২০২০ তারিখের পত্রসমূহের মাধ্যমে আবাসিক গ্রাহকশ্রেণির (এলটি—এ এবং এমটি—১) ক্ষেত্রে বিল মাস ফেব্রুয়ারি ২০২০ হতে জুলাই ২০২০ এর বিদ্যুৎ বিল ৩১ জুলাই ২০২০ এর মধ্যে বিলম্ব-পরিশোধ মাশুল ব্যতিরেকে পরিশোধের বিষয়ে নির্দেশনা প্রদানের জন্য কমিশনের নিকট আবেদন জানায়।

৩.০ **কমিশনের সম্পূরক আদেশ:**

সার্বিক বিষয়সমূহ পর্যালোচনাক্রমে কমিশনের আদেশ হলো যে:-

৩.১ (i) খুচরা বিদ্যুৎ মূল্যহার পুনর্নির্ধারণ করে ২৭ ফেব্রুয়ারি ২০২০ তারিখে কমিশন কর্তৃক জারীকৃত বিইআরসি আদেশ # ২০২০/০৪, ২০২০/০৫, ২০২০/০৬, ২০২০/০৭, ২০২০/০৮ ও ২০২০/০৯ এর পরিশিষ্ট-'খ' এর অনুচ্ছেদ ১(ক); (ii) উক্ত আদেশ মোতাবেক জারীকৃত খুচরা বিদ্যুৎ মুল্যহার, ২০২০ এর শর্তাবলী, প্রযোজ্যতা এবং বিবিধ চার্জ/ফি সংক্রান্ত প্রজ্ঞাপন নং-২৮.০১.০০০০.০১২.০৪.০০৩.২০.৬৫৩, তারিখ: ২৭ ফেব্রুয়ারি ২০২০ এর অনুচ্ছেদ ১(ক) এবং (iii) বিদ্যুতের আবাসিক গ্রাহকশ্রেণির ক্ষেত্রে বিল মাস ফেব্রুয়ারি, মার্চ এবং এপ্রিল ২০২০ এর বিদ্যুৎ বিলের বিলম্ব-পরিশোধ মাশুল (Late-Payment Surcharge) মওকুফ সংক্রান্ত ২৪ মার্চ ২০২০ তারিখে কমিশন কর্তৃক জারীকৃত বিইআরসি আদেশ # ২০২০/১০ এর অনুচ্ছেদ ৩.১ এ উল্লিখিত বিলম্ব-পরিশোধ মাশুল শুধুমাত্র আবাসিক গ্রাহকশ্রেণির (এলটি—এ এবং এমটি—১) ক্ষেত্রে বিল মাস ফেব্রুয়ারি ২০২০ হতে জুন ২০২০ এর বিদ্যুৎ বিল ৩১ জুলাই ২০২০ এর মধ্যে পরিশোধে (বিলম্ব-পরিশোধ মাশুল) প্রযোজ্য হবে না।

৩.২ নোভেল করোনা ভাইরাসের (COVID-19) প্রাদুর্ভাবজনিত কারণে বিদ্যুৎ বিতরণ সংস্থা ও কোম্পানিসমূহ কর্তৃক বিভিন্ন গ্রাহকশ্রেণির ক্ষেত্রে মিটার রিডিং বহির্ভূতভাবে প্রণয়নকৃত, দাবিকৃত ও আদায়কৃত অতিরিক্ত ও অস্বাভাবিক বিদ্যুৎ বিল প্রকৃত মিটার রিডিং অনুযায়ী সমন্বয় সম্পর্কে ১৬ জুলাই ২০২০ তারিখে কমিশন কর্তৃক জারীকৃত বিইআরসি আদেশ # ২০২০/১২ অনুসরণীয়।

৩.৩ খুচরা বিদ্যুৎ মূল্যহার পুনর্নির্ধারণ সংক্রান্ত ২৭ ফেব্রুয়ারি ২০২০ তারিখে কমিশন কর্তৃক জারীকৃত বিইআরসি আদেশ # ২০২০/০৪, ২০২০/০৫, ২০২০/০৬, ২০২০/০৭, ২০২০/০৮ ও ২০২০/০৯ এবং খুচরা বিদ্যুৎ মুল্যহার ২০২০ এর শর্তাবলী, প্রযোজ্যতা এবং বিবিধ চার্জ/ফি সংক্রান্ত প্রজ্ঞাপন নং-২৮.০১.০০০০.০১২.০৪.০০৩.২০.৬৫৩, তারিখ: ২৭ ফেব্রুয়ারি ২০২০ এর অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকবে।

৩.৪ জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

১৬/০৭/২০২০
**(মোহাম্মদ বজলুর রহমান)**
সদস্য (বিদ্যুৎ)

১৬/০৭/২০২০
**(মোঃ মকবুল-ই-ইলাহী চৌধুরী)**
সদস্য (গ্যাস)

16/07/2020
**(মোহাম্মদ আবু ফারুক)**
সদস্য (অর্থ ও প্রশাসন)

১৬/০৭/২০২০
**(রহমান মুরশেদ)**
সদস্য (পেট্রোলিয়াম ও আইন)

**(মোঃ আব্দুল জলিল)**
চেয়ারম্যান